

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
দারিদ্র্য বিমোচন ও ঋণ কর্মসূচী অধিশাখা

...

|            |  |
|------------|--|
| সভাপতি     | এ কে এম মফিজুল ইসলাম<br>পরিচালক (দা. বি. ও ঋণ) ও ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। |
| সভার তারিখ | ১৩ মার্চ ২০২২ খ্রি.  |
| সভার সময়  | সকাল ১১.০০ ঘটিকা   |
| স্থান      | পরিচালক(দা. বি. ও ঋণ)-এর অফিস কক্ষ, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।                              |
| উপস্থিতি   | উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হয়েছে।                                |

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা এবং এর বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের জন্য সদস্য-সচিবকে আহ্বান জানান। সদস্য-সচিব প্রতিটি কর্মসূচকের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা এবং গৃহীত সিদ্ধান্ত নিয়ে বর্ণনা করা হলোঃ

| নং | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রম | আলোচনা   | সিদ্ধান্ত/সুপারিশ   | বাস্তবায়ন  |
|----|-----------------------------------|--|---|---|
| ১. | উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন         | ক. সদস্য-সচিব ইনোভেশন টিম সভায় অবহিত করেন যে ২০২১-২২ অর্থবছরের কর্মপরিকল্পনা মোতাবেক উদ্ভাবনী ধারণা ১৬/০৩/২০২২ খ্রি. তারিখের মধ্যে বাস্তবায়ন করার বিষয়টি নির্ধারিত রয়েছে। চলতি অর্থবছরে নির্বাচিত “আয়বর্ধক কর্মসূচির মাধ্যমে যুবনারী স্বনির্ভরকরণ ও নারীর ক্ষমতায়ন” শীর্ষক উদ্ভাবন ধারণাটি গাজীপুর সদর উপজেলার জাব্বার গ্রামে বাস্তবায়ন করা হয়েছে। জাব্বার গ্রামের “মাল্টি ভোকেশনাল যুব সংগঠন”-এর সভাপতি জাতীয় যুব পুরস্কারপ্রাপ্ত যুবনারী জনাব মনোয়ারা আক্তার স্বর্ণা’র সহযোগিতায় উক্ত গ্রামের কর্মক্ষম যুবনারীকে আয়বর্ধক কর্মসূচিতে সম্পৃক্ত করে স্বনির্ভর করার কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। উদ্ভাবন ধারণা বাস্তবায়নের প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। উদ্ভাবন ধারণার পাইলট কর্মসূচিতে- <ul style="list-style-type: none"> <li>জাব্বার গ্রামের ৫০০টি পরিবারের উপর জরিপ করে ৫৩২ জন কর্মক্ষম যুবনারী (১৮-৪৫ বছর বয়সী যুবনারী) চিহ্নিত করে ডাটাবেজ তৈরী করা হয়।</li> <li>পাইলট কর্মসূচিতে ১৯৫ জন যুবনারীকে আয়বর্ধক কর্মসূচিতে সম্পৃক্ত করে নারী ক্ষমতায়ন নিশ্চিত করতে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। অবশিষ্ট ৩৩৭ জন যুবনারীর সাথে যুব সংগঠনের মাধ্যমে নিয়মিত যোগাযোগ রেখে পর্যায়ক্রমে আয়বর্ধক কর্মসূচিতে সম্পৃক্ত করার পরিকল্পনা রয়েছে।</li> <li>কর্মক্ষম যুবনারীদের মধ্যে ৯৪ জন পূর্বেই বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণপ্রাপ্ত এবং অনিয়মিত ও বিচ্ছিন্নভাবে আয়বর্ধক কর্মসূচির সাথে সম্পৃক্ত ছিল।</li> </ul> | ক. যুবনারীদের নিয়মিত আয়বর্ধক কর্মসূচিতে সম্পৃক্তকরণের বিষয়টি টেকসই করার লক্ষ্যে সুবিধাভোগীদের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>খ. ভোকেশনাল যুব সংগঠন এর মাধ্যমে ফলোআপ মিটিং এবং উঠান বৈঠক অব্যাহত রাখতে হবে। | ক. উপপরিচালক, গাজীপুর<br>খ. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গাজীপুর সদর<br>গ. সভাপতি, মাল্টি ভোকেশনাল যুব সংগঠন, জাব্বার, গাজীপুর সদর, গাজীপুর। |

|    |   |  |  |   |
|----|---|--|--|---|
|    |   | <ul style="list-style-type: none"> <li>পাইলট প্রকল্প বাস্তবায়নকালীন যুব উন্নয়ন অধিদপ্তর গাজীপুর সদর এবং মাল্টিভোকেশনাল যুব সংগঠনের মাধ্যমে ১০১ জন যুবনারীকে কুটির শিল্প (হোগলা পাতার ব্যাগ, পট তৈরি), সেলাই (পোষাক তৈরি, ব্লক, বাটিক, স্ক্রীন প্রিন্টিং), ক্ষুদ্রব্যবসা এবং কৃষি বিষয়ক (গাভী পালন, ছাগল পালন, হাঁস-মুরগী পালন, পাখি পালন) প্রশিক্ষণ দেওয়া হয়।</li> <li>প্রশিক্ষিত যুবনারীদের সংগঠিত করে তাদের পরিবার হতে পুঁজি আহরণের মাধ্যমে ক্ষুদ্র ক্ষুদ্র প্রকল্প তৈরী করে ১৯৫ জন যুবনারীকে (৬০ জন কুটির শিল্প, ৪৩ জন সেলাই, ৫০ জন ক্ষুদ্র ব্যবসা এবং ৪২ জন কৃষিবিষয়ক) নিয়মিতভাবে আয়বর্ধক কর্মসূচির সাথে সম্পৃক্ত করা হয়, যাদের মাসিক আয় ৫০০০/- থেকে ২০,০০০/- টাকা।</li> <li>পাইলট প্রকল্পটি বাস্তবায়নের ফলে যুবনারীদের নিয়মিত আয়ের ব্যবস্থা হয়েছে এবং পারিবারিক সচ্ছলতা বৃদ্ধি পেয়েছে। এলাকায় নারীদের একটি কর্মবলয় এবং কর্মের পরিবেশ তৈরি হয়েছে, পরিবার ও সমাজে নারীর মর্যাদা বৃদ্ধি পেয়েছে এবং নারীর ক্ষমতায়ন নিশ্চিত হয়েছে।</li> </ul> <p>খ. অধিদপ্তরের কাজে গতি আনয়ন এবং কাজের মধ্যে নতুনত্ব সৃষ্টির জন্য নতুন নতুন উদ্ভাবন ধারণা সৃষ্টি করে বাস্তবায়ন করতে হবে বলে সভায় মতামত প্রকাশ করা হয়।</p> | গ. অবশিষ্ট ৩৩৭ জন যুবনারীকে প্রশিক্ষণ প্রদানপূর্বক আয়বর্ধক কর্মসূচিতে অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। |   |
| ২. | সেবা সহজীকরণ  | <p>ক. চলতি অর্থবছরে সেবা সহজীকরণের আওতায় “যুব ঋণের মাসিক প্রতিবেদন সহজীকরণ” কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। সেবা সহজীকরণের নির্ধারিত ফরমেটে সেবার বিদ্যমান প্রসেস ম্যাপ, পরিবর্তিত প্রসেস ম্যাপ এবং সেবা বাস্তবায়নের জিও ১৪/০২/২০২২ তারিখে জারী করা হয়েছে।</p> <p>খ. অধিদপ্তরের সেবাসমূহকে সময়ের সাথে হালনাগাদ করার জন্য সরকারের নির্ধারিত গাইড লাইন অনুসারে সেবা সহজীকরণ করার উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়। অধিদপ্তরের সেবাসমূহকে পর্যায়ক্রমে সহজীকরণের লক্ষ্যে সেবা নির্বাচন এবং নির্বাচিত সেবার তালিকা অধিদপ্তরের ইনোভেশন টিমের নিকট প্রেরণের অনুরোধ জানানো যায় বলে সভায় মত প্রকাশ করা হয়।</p>   |  | - |
| ৩. | সেবা ডিজিটাইজেশন  | ২০২১-২২ অর্থবছরে সেবা ডিজিটাইজেশনের আওতায় “যুব ঋণের ডিজিটাল পাসবহি” নামে প্রাথমিক ভাবে সাতক্ষীরা সদর এবং খুলনার রূপসা উপজেলায় বাস্তবায়ন করা হয়েছে এবং এ সংক্রান্ত জিও ৩০/১২/২০২১ খ্রি. তারিখে জারি করা হয়েছে।   |  | - |
| ৪. | ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা | ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা গত ২৫/০৮/২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছ।  | -  | - |

|    |   |   |  |                         |
|----|---|---|--|-------------------------|
| ৫. | ই-নথির ব্যবহার বৃদ্ধি   | ই-নথির ব্যবহার ৮০% এ উন্নীত করার লক্ষ্যে মহাপরিচালক (গ্রেড-১) মহোদয় সকল শাখাকে ১৯/১২/২০২১ তারিখে জারিকৃত পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করেন। ফেব্রুয়ারি ২০২২ মাসে ই-নথির ব্যবহার ৫৪%-এর উন্নীত হয়েছে।  | সকল শাখা এবং মাঠ পর্যায়ের সকল কার্যালয়ের মোট সম্পাদিত নথির ৮০% ই-নথিতে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট |
| ৬. | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/ কর্মশালা আয়োজন                        | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে এ পর্যন্ত দুইটি অবহিতকরণ সভা/কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। চলতি অর্থবছরে এ বিষয়ক আরো দুইটি সভা/ কর্মশালা আয়োজনের বাধ্য-বাধকতা রয়েছে।  | অর্থবছরের অবশিষ্ট সময়ের মধ্যে দুইটি সভা/কর্মশালা আয়োজন করার জন্য অনুরোধ করা হলো।                         | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট |
| ৭. | তথ্য বাতায়ন হালনাগাদকরণ:<br>ক. তথ্য বাতায়নের সকল সেবা বক্স হালনাগাদকরণ:                                   | ক. তথ্য বাতায়নের সেবাবক্সসমূহ নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।  | তথ্য বাতায়নের সকল সেবাবক্স নিয়মিত হালনাগাদ করতে অনুরোধ করা হলো।  | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট |
|    | খ. বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ  | খ. ইতোমধ্যে তিনটি প্রকাশনা তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে। এ মাসে যুববার্তা প্রকাশ করা হবে মর্মে উপপরিচালক (প্রকাশনা) সভায় অবহিত করেন।  | খ. যুববার্তা প্রকাশের পর তা তথ্য বাতায়নে প্রকাশ করার অনুরোধ করা হলো।                                      | প্রকাশনা শাখা           |
| ৮. | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন:<br>ক. কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ক. কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে চলতি অর্থবছরে ৪টি প্রশিক্ষণ আয়োজনের কর্মপরিকল্পনা রয়েছে। মার্চ-২০২২ মাসে “সেবা সহজীকরণ” এবং “উদ্ভাবনী সক্ষমতা সৃষ্টি” বিষয়ক দুইটি প্রশিক্ষণ কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, সাভার, ঢাকায় আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।                 | ক. পরিকল্পনা মাফিক মার্চ ২০২২-এর মধ্যেই বর্ণিত প্রশিক্ষণ কোর্স দুইটি সম্পন্ন করতে হবে।                     | সদস্য-সচিব ইনোভেশন টিম  |
|    | খ. ই-গভর্ন্যান্স বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়   | চলতি অর্থবছরে ই-গভর্ন্যান্স বাস্তবায়নের জন্য ৭.০০ লক্ষ বরাদ্দ রয়েছে। বরাদ্দকৃত অর্থ প্রশিক্ষণ ও উদ্ভাবন ধারণা বাস্তবায়ন কাজে ব্যয় হবে।  | আর্থিক বিধি-বিধান অনুযায়ী বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে অনুরোধ করা হলো।                                       | সদস্য-সচিব ইনোভেশন টিম  |
|    | গ. কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজন   | ২০২১-২২ অর্থবছরে কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৪টি সভা করার বিষয় নির্ধারিত রয়েছে। ইতোমধ্যে দুইটি সভা সম্পন্ন হয়েছে।  | কর্মপরিকল্পনা অনুযায়ী সভা আয়োজন করতে হবে।  | সদস্য-সচিব ইনোভেশন টিম  |
|    | ঘ. কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ                                   | ২০২১-২২ অর্থবছরে কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ১৩/০১/২০২২ খ্রি. তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।   | -  |                         |
|    | ঙ. দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন   | গত ২০/০৯/২০২১ খ্রি. তারিখে নরসিংদী সদর উপজেলার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জনাব নুরুন নাহার-এর সদর উপজেলার দাসপাড়া এবং হাজিপুর গ্রামে বাস্তবায়িত “প্রশিক্ষণোত্তর আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পে গ্রহণে পারিবারিক পুঁজি আহরণে সহায়তা প্রদান” উদ্ভাবন উদ্যোগ সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। | -  |                         |

সভাপতি ২০২১-২২ অর্থবছরের কর্মপরিকল্পনা মাসিক নির্ধারিত কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে আরো আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানান। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



এ কে এম মফিজুল ইসলাম  
পরিচালক (দা. বি. ও ঋণ) ও ইনোভেশন অফিসার, যুব  
উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০২৮.৫১.০০৯.২২.২৮

তারিখ: ১০ চৈত্র ১৪২৮  
২৪ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
- ২) পরিচালক(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৩) জনাব -----, সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৪) সহকারী পরিচালক, আইসিটি অধিশাখা, যুব উন্নয়ন অধিদপ্তর
- ৫) স্টাফ লিপিকার, মহাপরিচালকের দপ্তর, যুব উন্নয়ন অধিদপ্তর



মোঃ শাহীনুর রহমান  
উপ-পরিচালক ও সদস্য-সচিব ইনোভেশন টিম যুব উন্নয়ন  
অধিদপ্তর।